

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 25-03-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Assembly-village Road Scheme :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কেন্দ্রীয় সরকার থেকে রাজ্য সরকার গত ২০২১-২২ অর্থবছরে ৭৩ কোটি ৩২ লক্ষ টাকা, ২০২২-২৩ অর্থ বছরে ২৫১ কোটি ৬৪ লক্ষ টাকা এবং ২০২৩-২৪ অর্থবছরে ১৬৩ কোটি ৭৪ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মনের লিখিত প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান। তিনি বলেন এই অর্থরাশি দিয়ে ২০২১-২২ অর্থ বছরে ১৭১ কিলোমিটারের বেশি পাকা রাস্তা ও ২টি সেতু নির্মাণ, ২০২২-২৩ সালে ১২২ কিলোমিটারের বেশি পাকা রাস্তা ও ৪টি সেতু নির্মাণ এবং ২০২৩-২৪ সালে ১১১ কিলোমিটারের বেশি পাকা রাস্তা ও ১টি সেতু নির্মাণ করা হয়েছে।

Assembly-Fund Allocation :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চনী যোজনায় রাজ্য ২০২১-২২ সালে ২৬ কোটি ১০ লক্ষ টাকা, ২০২২-২৩ অর্থবছরে ২ কোটি ৩৮২ লক্ষ টাকা এবং ২০২৩-২৪ অর্থবছরে ৭ কোটি ৯৯৯ লক্ষ টাকার অর্থরাশি পেয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মনের লিখিত প্রশ্নের উত্তরে তিনি এই তথ্য জানান। তিনি বলেন প্রাপ্ত অর্থরাশি দিয়ে কৃষি জমিগুলিতে জল সেচের জন্য মোট ১হাজার ১২১টি মিনি ডিপ টিউবওয়েল মঞ্জুর করা হয়েছিল এবং সমস্ত প্রকল্পগুলি চালু করা হয়েছে, যা দিয়ে ২ হাজার ৪৮৬ হেক্টরের বেশি জমি সেচের আওতায় আনা সম্ভব হয়েছে।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন ছত্তিশগড়ের নকশাল-প্রভাবিত এলাকার মানুষ উন্নয়নের পথে এগিয়ে চলেছে। শীঘ্রই ছত্তিশগড়কে উগ্রবাদ থেকে সম্পূর্ণ মুক্ত করার প্রচেষ্টা সাফল্য অর্জন করবে এবং রাজ্যের ইতিহাসে একটি সোনালী অধ্যায় যুক্ত হবে। গতকাল রায়পুরে ছত্তিশগড় বিধানসভার রজতজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। পরিবেশ সুরক্ষার উপর জোর দিয়ে রাষ্ট্রপতি বলেন, আধুনিক উন্নয়নের পথে এগিয়ে যাওয়ার পাশাপাশি, রাজ্যের পরিবেশ সুরক্ষাও নিশ্চিত করতে হবে। জীবনের বিভিন্ন ক্ষেত্রে কর্মরত নারীদের উৎসাহিত করার জন্য রাষ্ট্রপতি মহিলা আইনপ্রণেতাদের সর্বদা প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন।

Justice Arindam Lodh :

অবসরে গেলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ। গতকাল ত্রিপুরা হাইকোর্টে বিচারপতি লোধকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়। ত্রিপুরা হাইকোর্ট, হাইকোর্ট বার অ্যাসোসিয়েশন এবং ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির পক্ষ থেকে আলাদাভাবে বিচারপতিকে সংবর্ধনা দেওয়া হয়। সংক্ষিপ্ত আলোচনায় প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, ত্রিপুরার বিচারব্যবস্থার উন্নতির জন্য ২০১৮ সাল থেকে এখন পর্যন্ত ত্রিপুরা হাইকোর্টে বিচারপতি লোধের অবদানের প্রশংসা করেন।

Sushanta chowhdury :

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, কলকাতার নিকো পার্কের আদলে জিরানিয়ার শচীন্দ্রনগর কলোনিতে অত্যাধুনিক ইকো পার্ক গড়ে তোলা হবে। এজন্য কেন্দ্রীয় সরকারের স্বদেশ দর্শন প্রকল্পে দ্বিতীয় পর্বে অনুমোদন পাওয়া গেছে। গতকাল কলকাতার নিকো পার্কের ম্যানেজিং ডিরেক্টর রাজীব

কৌল, সভাপতি রাহুল মিত্র, পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা সহ অন্যান্যদের নিয়ে পার্কের এলাকা পরিদর্শন করে এই কথা বলেন মন্ত্রী শ্রী চৌধুরী। তিনি জানান, শচীন্দ্র নগর কলোনিতে ইকো পার্ক গড়ে তুলতে ৫০ কোটি টাকা খরচ হবে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

BSF ADG visit :

বিএসএফের পূর্বাঞ্চলীয় প্রধান এডিজি রবি গান্ধী গতকাল তিনদিনের রাজ্য সফরে এসেছেন। এমবিবি বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান, বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অশ্বিনী কুমার শর্মা। রাজ্য সফরে এসে এডিজি শ্রী গান্ধী রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মুখ্য সচিব জে কে সিনহা এবং ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জনর সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকে নিরাপত্তা পরিস্থিতি এবং রাজ্য সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ার থেকে এক বিবৃতিতে এই খবর জানানো হয়েছে।

Basanta Utsav–Sonamura :

সিপাহীজলা জেলার সোনামুড়া কবি নজরুল মহাবিদ্যালয়ে গতকাল বসন্ত উৎসব উদযাপিত হয়েছে। নাচ, গানের পাশাপাশি একে অপরকে নানান রঙে রাঙিয়ে দিয়ে বিজেপি যুব মোর্চা সিপাহীজলা জেলা দক্ষিণাংশ কমিটির উদ্যোগে আয়োজিত এই বসন্ত উৎসবে মেতে উঠেছিলেন কলেজ পড়ুয়া ছাত্র-ছাত্রীরা।

Ashokastami Mela :

কৈলাশহরে অবস্থিত প্রহ্লাভুমি উনকোটিতে আগামী চার ও পাঁচ এপ্রিল ঐতিহ্যবাহী অশোকাষ্টমী মেলা অনুষ্ঠিত হবে। আসন্ন মেলাকে সামনে রেখে গতকাল কৈলাশহর পুর পরিষদের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। মহকুমা কল্যাণ আধিকারিক মতিরঞ্জন দেববর্মা জানান, মেলায় ১৫/১৬টি বিভিন্ন দপ্তরের স্টল থাকবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। সকালে কুয়াশা পড়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকবে ২০ ডিগ্রির কাছাকাছি।
